তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ০৬/২০১৬

অভিযোগকারী ঃ (১) শ্রীধাম কর্মকার
পিতা-সঞ্জু কর্মকার
(২) বিপ্লব কর্মকার
পিতা-সুভাস কর্মকার
গ্রাম+পোষ্ট-বিপুলাসার
থানা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা।

প্রতিপক্ষ ঃ জনাব সোলেমান ভূঁইয়া
সহকারী উপজেলা শিক্ষা অফিসার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
উপজেলা শিক্ষা অফিস
মনোহরগঞ্জ, কুমিল্লা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ১১-০২-২০১৬ ইং)

অভিযোগকারীদ্বয় শ্রীধাম কর্মকার ও বিপ্লব কর্মকার ১৩-১০-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব সোলেমান ভূঁইয়া, সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা শিক্ষা অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৪ এর নিম্নলিখিত রোল নাম্বারধারী ছাত্র/ছাত্রীদের নম্বরফর্দ (বিভিন্ন বিষয়ে প্রাপ্ত নম্বর, গ্রেড নয়)
৭২, ১০১৮, ১০৩২, ম-১০৩৪, ১৮৪৯, ম-১৮৮০, ম-১৮৮১, ম-১৯২২, ম-২৪৭১, ২৫৪০, ম-২৫৪১, ম-২৫৪২, ২৬৫৩, ম-২৭২৬, ৩০৬৪, ৩০৬৫, ম-৩০৬৬, ৩১৬৪, ৩৪৩৯, ৩৪৭৫, ৩৫৩১, ম-৪০৩০, ৪০৭৮, ৪০৭৯, ম-৪৪৩৭, ৪৫৬২, ম-৪৬০৭, ম-৪৬৮৯, ৪৭৮৫, ম-৪৮১৫, ৪৮৬৬, ৪৯৫০, ম-৫১৮৭, ৫৩৭৪, ৫৩৭৫, ম-৫৩৭৮, ম-৫৩৭৯, ম-৫৩৮০, ম-৫৩৮১, ম-৫৩৮২, ম-৫৩৮৩, ম-৫৩৮৪, ম-৫৩৮৫, ৫৫৩২।
ম-২৬, ২৮৩, ম-৩৬৪, ৫০৮, ৮৮০, ৮৮২, ম-১০৩৫, ম-১০৩৭, ম-১০৮১, ১২৩৬, ১২৩৮, ম-১২৩৯, ম-১৫৭০, ১৮৩৯, ১৮৪৭, ম-১৮৫১, ম-১৯২৩, ২৪০৭, ২৪০৮,ম-২৪৪০, ২৬৫৫, ২৯২৫, ৩০৬৩, ম-৩০৬৭, ৩১৫৭, ৩১৬২, ম-৩২৪৪, ম-৩২৪৫, ৩৫৩০, ম-৩৫৩২, ৩৬৮১, ম-৩৭৫৫, ম-৪০৮০, ম-৪৪৩৬, ম-৪৪৪৩, ৪৫৬৩, ৪৫৬৪, ম-৪৬০৪, ম-৪৮০০, ৪৮১১, ৪৮৫৩, ৫২২০, ম-৫২২১, ৫৩৭৬, ম-৫৩৮৬, ম-৫৪৬৫, ম-৫৪৬৬, ম-৫৪৭১, ম-৫৪৭২।

২. একই পরীক্ষার রোল-৫৪৪০, ৫৪৪১ এর বাংলা ও ৫৪৬৮ এর সমাজ উত্তর পত্রের ফটোকপি।

৩. রোল নং ম-২৬, ১৮৩৯, ২৬৫৫, ম-৫৩৮৩, ম-৫৩৮৬, ম-৫৪৬৫, ম-৫৪৬৬, ম-৫৪৭১,ম-৫৪৭২ এর সকল বিষয়ের উত্তরপত্রের ফটোকপি।

০২। আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ২৮-১০-২০১৫ তারিখে অভিযোগকারীকে তথ্য সরবরাহে অপারগতার নোটিশ প্রদান করেন। উক্ত জবাব অগ্রহণযোগ্য উল্লেখ করে অভিযোগকারী ২২-১১-২০১৫ তারিখে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-১২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৮-০১-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১১-০২-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অ: পৃ: দ্র:)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী শ্রীধাম কর্মকার হাজির। প্রতিপক্ষ জনাব সোলেমান ভূঁইয়া, সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা শিক্ষা অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৫। প্রতিপক্ষ সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা শিক্ষা অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা তার বক্তব্যে উল্লেখ করেন যে, আবেদন প্রাপ্তির পর উপজেলা শিক্ষা অফিসার বরাবরে মতামত চেয়ে একটি আবেদন করেন। পত্রের প্রেক্ষিতে তিনি জানান যে, সকলের নম্বর প্রদানের কোন বিধান নেই। তাছাড়া উত্তরপত্র ৩ (তিন) মাস সংরক্ষণের পর তা নিলামে বিক্রির বিধান রয়েছে। প্রায় ৩২,০০০ (বত্রিশ হাজার) পরীক্ষার্থীর উত্তরপত্র নিলামের জন্য অগোছাল অবস্থায় সংরক্ষিত রয়েছে। এর মধ্য হতে যাচিত উত্তর পত্র খুঁজে বের করা প্রায় অসম্ভব। ফটোকপি বাহির থেকে করতে হয় বিধায় গত কমিশনের সিদ্ধান্তের পর অভিযোগকারীর তথ্য ফটোকপি বাবদ প্রায় ৪০০/- নিজ পকেট হতে দিতে হয়েছে। এমতাবস্থায়, তথ্য কমিশনের জিজ্ঞাসার জবাবে অভিযোগকারী তাকে প্রার্থিত তথ্যের মধ্যে ৩ নং ক্রমিকের তথ্য সরবরাহের অনুরোধ জানান।

০৬। অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক নং ৩ এর তথ্য সরবরাহের জন্য কমিশন অভিমত ব্যক্ত করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাতে সম্মতিজ্ঞাপন করেন। তবে ফটোকপি করার খরচ অভিযোগকারীকে পরিশোধের আদেশ প্রার্থনা করেন। অভিযোগকারীকে এই অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রদেয় তথ্যের ফটোকপির মূল্য পরিশোধ করতে বললে তিনি ফটোকপির মূল্য দিতে সম্মতিজ্ঞাপন করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য অনুযায়ী অভিযোগকারীর প্রার্থীত তথ্য নিলামের জন্য অগোছাল অবস্থায় সংরক্ষিত রয়েছে মর্মে বক্তব্য অফিসের দাপ্তরিক দায়িত্ব পালনে অবহেলার শামিল। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক নং ৩ এর তথ্য ফটোকপি করার ব্যয় ও তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিস্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২০ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্যের মধ্যে ক্রমিক নং ৩ এর তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা শিক্ষা অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা-কে নির্দেশনা দেয়া হলো এবং অফিসে সংরক্ষিত সকল তথ্য যথাযথ মান ও শ্রেণীবিন্যাস অনুযায়ী সংরক্ষণ করার পরামর্শ দেয়া হলো। তথ্য সংরক্ষণের ক্ষেত্রে তথ্য কমিশন কর্তৃক জারীকৃত তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা প্রবিধানমালা, ২০১০ অনুসরণীয়।

২। অভিযোগকারীকে ফটোকপির মূল্য এবং তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী প্রতি পৃষ্ঠা তথ্যের মূল্য বাবদ ২.০০ টাকা হারে পরিশোধের জন্য নির্দেশ দেয়া হলো।

৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৪। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[মিজান]